

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৫

১/ বিবিধ

আরবী

الشام كنانتي فمن أرادها بسوء رميته بسهم منها لا أصل له في المرفوع

ولعله من الإسرائيليات، فقد أخرج الحافظ أبو الحسن الربعي في " فضائل الشام " (ص 3) عن عون بن عبد الله بن عتبة قال: قرأت فيما أنزل الله عز وجل على بعض الأنبياء أن الله تعالى يقول: الشام كنانتي فإذا غضبت على قوم رميته منها بسهم وفي سنده المسعودي واسمه عبد الرحمن بن عبد الله وهو ضعيف لاختلاطه، وجماعة آخرون لم أجد من ترجمهم، ويروى مثل هذا المعنى في مصر أيضا ولا أصل له في المرفوع أيضا كما يشير إليه كلام السخاوي في المقاصد الحسنة

বাংলা

১৫। শাম দেশ আমার তীর রাখার স্থল। যে তাঁর কোনোরূপ অনিষ্ট করার ইচ্ছা করবে, আমি তাঁকে সেখানকার তীর দ্বারা আঘাত করব।

মারফূ' হিসেবে হাদীসটির কোন ভিত্তি নাই।

সম্ভবত এটি ইসরাইলী বর্ণনার অন্তর্ভুক্ত। অর্থাৎ আহলে কিতাবদের বর্ণনাকৃত। এটি হাফিয আবুল হাসান রিব'ঈ "ফাযায়েলুশ-শাম" গ্রন্থে (পৃঃ ৭) আউন ইবনু আবদিল্লাহ ইবনে উতবা হতে বর্ণনা করেছেন।

এটির সনদে বর্ণনাকারী মাসউদী রয়েছেন। তার নাম আব্দুর রহমান ইবনু আবদিল্লাহ। তার মস্তিষ্ক বিকৃতি ঘটার কারণে তিনি দুর্বল। এছাড়া অন্য বর্ণনাকারীদের জীবনী কে উল্লেখ করেছেন পাচ্ছি না।



ইমাম সাখাবীও "মাকাসিদুল হাসানা" গ্রন্থে বলেছেনঃ মারফু হিসাবে হাদীসটির কোন ভিত্তি নেই।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন